

ঢাকায় মার্কিন দূতাবাস কার্যক্রম বন্ধ

- A Monitor Desk Report

Date: 09 August, 2024



ঢাকাঃ পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বাংলাদেশে যুক্তরাষ্ট্র দূতাবাসের কার্যক্রম বন্ধ থাকবে বলে কর্মকর্তারা জানিয়েছেন। ৬ আগস্ট থেকে এই কার্যক্রম বন্ধ রয়েছে।

বুধবার (৮ আগস্ট) বাংলাদেশে কর্মরত মার্কিন নাগরিকদের জন্য এক সতর্কতা জারি করেছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়। ওই সতর্কতায় ঝুঁকির মাত্রা লেভেল ফোর বলে উল্লেখ করা হয়েছে।

এই মাত্রার সতর্কতার মাধ্যমে বাংলাদেশে ভ্রমণে নিষেধাজ্ঞা দেওয়া হয়, এবং দূতাবাসে জরুরি নন এমন কর্মকর্তাদের দেশে ফেরত পাঠানো হয়।

ঢাকাস্থ মার্কিন দূতাবাসের সব কার্যক্রম ৬ আগস্ট থেকে বন্ধ রয়েছে বলে জানিয়েছেন একজন কর্মকর্তা।

বাংলাদেশে চলমান অস্থিরতা, অপরাধ এবং সন্ত্রাসের কারণে দেশটিতে কর্মরত মার্কিন নাগরিকদের ভ্রমণ না করার জন্যও বলা হয়েছে।

-B